নদী গবেষণা ইনস্টিটিউট

হারুকান্দি, ফরিদপুর।

স্মারক নং-৪২.১০৩.০১৮.০০.০১.১০৫৭.২০১৩-১১৫৪ তারিখঃ- ০৫/০৩/২০১৫খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

নদী গবেষণা ইনস্টিটিউট এর নিম্নেবর্ণিত শূণ্য পদ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পুরণের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা	১৮৫০০-২৯৭০০/= (৬নং গ্রেড)	২(দুই)টি	ক) রিভার ইঞ্জিনিয়ারিং/হাইড্রলিক্স/হাইড্রলজি/ পানি সম্পদ কৌশল/এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং এ পিএইচডি ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের বাস্তব কর্মঅভিজ্ঞতা অথবা উল্লিখিত যে কোন একটি বিষয়ে এম,এস/এম ফিলসহ ৫ বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। খ) স্বীকৃত কোন পেশাগত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে নিবন্ধ প্রকাশিত থাকিতে হইবে।
২.	বৈজ্ঞানিক কর্মকর্তা	টাকা ১১০০০-২০৩৭০/= (৯নং গ্রেড)	১৪ (চৌদ্দ) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুর কৌশল, তড়িৎ,যন্ত্র, কৃষি ইঞ্জিনিয়ারিং বা পানি সম্পদ কৌশল-এ স্নাতক ডিগ্রী অথবা পদার্থ বিদ্যা, ফলিত পদার্থ বিদ্যা, ফলিত গণিত, মৃত্তিকা বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেনীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।
৩.	সহকারী প্রোগ্রামার	টাকা ১১০০০-২০৩৭০/= (৯নং গ্রেড)	১(এক)টি	ক) যে কোন বিষয়ে মাষ্টার্স ডিগ্রী অথবা বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স। খ) প্রার্থীকে অবশ্যই প্রোগ্রামিং এর জন্য Standard টেষ্টে উত্তীর্ণ হতে হবে।
৪.	ইলেকট্রনিক মেকানিক গ্রেড-ডি	টাকা ৮০০০-১৬৫৪০/= (১০নং গ্রেড)	১(এক)টি	স্বীকৃত কোন ইনস্টিটিউট হতে ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে তিন বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং এপটিচুড টেষ্টে উত্তীর্ণ হতে হবে।
৫.	ওয়ার্ড প্রসেসর অপারেটর/ কম্পিউটার অপারেটর	৫৫০০-১২০৯৫/= (১৩ নং গ্রেড)	১(এক)টি	ক) স্নাতক (বিজ্ঞানে অগ্রাধিকার)। দুই বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন ডাটা এন্টি/কন্টো্রল অপারেটরদের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের বেলায় শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য খ) প্রার্থীকে অবশ্যই অপারেটরের এপটিচুড টেষ্টে উত্তীর্ন হতে হবে।
৬.	ল্যাবরেটরী টেকনিশিয়ান গ্রেড-এ	টাকা ৪৭০০-৯৭৪৫/= (১৬নং গ্রেড)	২(দুই)টি	কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা ।
৭.	গবেষণাগার বেয়ারার গ্রেড-এ	৪১০০-৭৭৪০/= (২০ নং গ্রেড)	১(এক)টি	অষ্টম শ্রেণী পাশ হতে হবে।
৮.	হেলপার	৪১০০-৭৭৪০/= (২০ নং গ্রেড)	১(এক)টি	অষ্টম শ্রেণী পাশ হতে হবে।

শর্তাবলী

1. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি রঙ্গীন ছবি এবং শিক্ষাগত যোগ্যতার ও অন্যান্য প্রযোজ্য সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
2. নিজ ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত ফটোকপিএবং একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানের আবেদনের সাথে তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্রের (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
3. ১৫/০৩/২০১৫খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে।
4. প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানের ক্ষেত্রে ১৫/০৩/২০১৫খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বৎসরের মধ্যে হতে হবে ।
5. আবেদনপত্র আগামী ১৫/০৪/২০১৫খ্রিঃ তারিখের মধ্যে মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর বরাবরে পৌছাতে হবে।
6. চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত তারিখের মধ্যে আবেদন অবশ্যই মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর বরাবরে পৌছাতে হবে।
7. সরকার কর্তৃক নির্ধারিত কোটা অনুসরন করা হবে।
8. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে চাকুরী প্রার্থীকে চাকুরীর আবেদনপত্রের সহিত তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্যক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) এর সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।
9. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনের সহিত সংযুক্ত করতে হবে।
10. ক্রমিক নং -৫ এ বর্ণিত পদটি মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত। এ পদে কেবলমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা আবেদন করতে পারবেন।
11. প্রার্থী উপজাতীয় সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কাগজপত্র দাখিল করতে হবে।
12. সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর এর অনুকূলে সোনালী ব্যাংক, গোয়ালচামট শাখা, ফরিদপুর এর উপর ক্রমিক ১ - ৩ এর জন্য ৫০০/= (পাঁচশত), ক্রমিক ৪ এর জন্য ৪০০/=(চারশত), এবং ক্রমিক ৫ ও ৬ এর জন্য ৩০০/=(তিনশত) এবং ক্রমিক নং ৭ ও ৮ এর জন্য ২০০/= (দুইশত) টাকার ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
13. বয়স প্রমানের ক্ষেত্রে এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়।
14. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।
15. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
16. নির্ধারিত ফরম নগই এর ওয়েব সাইট www.rri.gov.bd হতে ডাউন লোড করে নিতে হবে অথবা নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর হতে অথবা ৭২, গ্রীন রোডস্থ, নগই লিয়াজোঁ অফিস, ঢাকা হতে অফিস চলাকালীন সময় সংগ্রহ করতে হবে।
17. এ নিয়োগ প্রক্রিয়া কর্তৃপক্ষ যে কোন সময় কারন দর্শানো ব্যতিরেকে আংশিক/সম্পূর্ন স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

(মোঃ আজম খান)
উপ-সচিব ও
পরিচালক(প্রশাসন ও অর্থ)
নদী গবেষণা ইনস্টিটিউট
ফরিদপুর।